দৈনিক ইনকিলাব

তারিখ 04 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

76

# ঢাকা মেডিকেল কলেজে ছাত্র দলের হামলায় ১০ শিবির নেতা-কর্মী আহত

॥ স্টাফ রিপোর্টার ॥

জাতীয়তাবাদী ছাত্র দলের ১৫/২০ জন সন্ত্রাসীর হামলায় ঢাকা মেডিকেল কলেজ ছাত্র শিবিরের ১০ জন নেতা-কর্মী গুরুতর আহত হয়। আহতদেরকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত বুধবার মধ্যরাতে জাতীয়তাবাদী ছাত্র দলের মাজহার, সোহেল, গিয়াস ও খসরুর নেতৃত্বে ১৫/২০ জন সন্ত্রাসী ঢাকা মেডিকেল কলেজের ডাঃ ফজলে রাব্বী ছাত্রাবাসের শিবির কর্মীদের কক্ষসমূহে চড়াও হয়ে মেডিকেল কলেজ শাখা শিবিরের সেক্রেটারী আবুল কালাম আজাদসহ ১০ জন নেতা ও কর্মীকে ছাত্রাবাসের ৩২২নং রুমে আটক

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## শিবির নেতা-কর্মী আহত

প্রথম পৃষ্ঠার পর

করে। এ সময় সন্ত্রাসীদের হকিস্টিক, রড ও লাঠির আঘাতে তারা গুরুতরভাবে আহত হয়। আহতদের চিৎকারের খবর শুনে লালবাগ থানা পুলিশ উক্ত কক্ষ থেকে আহতদেরকে উদ্ধার করে মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। লালবাগ থানায় এ বিষয়ে একটি মামলা হয়েছে।

ঢাকা মেডিকেল কলেজের শিবির নেতা ও কর্মীদের উপর ক্ষমতাসীন সরকারের মদদপুষ্ট ছাত্র দলের সশস্ত্র কর্মীদের পৈশাচিক হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় সভাপতি জনাব রফিকুল ইসলাম খান এবং সেক্রেটারী জেনারেল আবুল হাসানাত মোঃ আবদুল হালিম গতকাল এক বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, ঢাকা মেডিকেল কলেজের মতো সেরা মেধাবী ছাত্রদের প্রতিষ্ঠানে নিরীহ শিবির কর্মীদের উপর এ হামলা মূলতঃ সারাদেশে ছাত্র দলের সন্ত্রাসীদের সন্ত্রাসী কর্মকাণ্ডের বিভৎস চিত্রের বহিঃপ্রকাশ মাত্র। তাঁরা বলেন, পূর্বের অসংখ্য সন্ত্রাসী কর্মকাণ্ডের সুষ্ঠু বিচার না করা এবং প্রশাসনের দুর্বলতাই এর জন্য দায়ী। তারা অবিলম্বে এই সন্ত্রাসী কর্মকাণ্ডের সষ্ঠু তদন্ত ও দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানিয়েছেন।

ইসলামী ছাত্র শিবিরের ঢাকা মহানগরী দক্ষিণ শাখা সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে মোহাম্মদ এনামুল হক ও মোহাম্মদ মুহিববুল্লাহ অনুরূপ বিবৃতিতে ছাত্র দলের সশস্ত্র ক্যাডারদের সন্ত্রাসী কর্মকাণ্ডের নিন্দা জানিয়েছেন।